

আদমশুমারি 101: আপনার যা জানা প্রয়োজন

2020 সালের আদমশুমারি অনেক কাছাকাছি চলে এসেছে।

আদমশুমারি কী এবং প্রত্যেককে গণনা করার জন্য কেন এটি গুরুত্বপূর্ণ সে সম্পর্কে এখানে সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

প্রত্যেককে গণনা করা হয়।

মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রত্যেক ব্যক্তিকে একবার, শুধুমাত্র একবার এবং সঠিক জায়গায় আদমশুমারিতে গণনা করা হয়।



এটির উল্লেখ সংবিধানে রয়েছে।


মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানে বলা হয়েছে যে, দেশের প্রত্যেক ব্যক্তিকে প্রতি 10 বছরে গণনা করা হবে। প্রথম আদমশুমারি 1790 সালে অনুষ্ঠিত হয়েছিল।

এর মূল বিষয় ন্যায্য উপস্থাপনা।

প্রতি 10 বছরে, আদমশুমারির ফলাফল হাউস অভ রিপ্রেজেন্টেটিভসকে পুনর্বহাল করার জন্য ব্যবহৃত হয়, যার মাধ্যমে প্রতিটি স্টেট কতটি আসন পায় তা নির্ধারিত হয়।



এর লক্ষ্য হল 675 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দকরণ।



ফেডারেল তহবিল, মঞ্জুরি ওস্টেট, কাউন্টি এবং কমিউনিটিতে সহায়তার জন্য 675 বিলিয়নেরও অধিক মার্কিন ডলার বরাদ্দ আদমশুমারির তথ্যের উপর নির্ভর করে।

স্কুল, হাসপাতাল, রাস্তা, গণপুত্র এবং অন্যান্য অত্যাবশ্যক কর্মসূচীতে এই ব্যয় করা হয়।



এর লক্ষ্য হল নতুন স্কুল ডিস্ট্রিক্টে বিভক্ত করা।



প্রতিটি দশকের আদমশুমারি শেষে, স্টেটের কর্মকর্তারা জনসংখ্যা পরিবর্তনের কারণ দর্শানোর জন্য তাদের স্টেটের কংগ্রেসনাল এবং স্টেটের আইনি ডিস্ট্রিক্টের সীমানা পুনর্নির্ধারণ করেন।

এতে অংশগ্রহণ করা আপনার নাগরিক কর্তব্য।

আদমশুমারি সম্পূর্ণ করা বাধ্যতামূলক: এটি আমাদের গণতন্ত্রে অংশ নেওয়ার এবং "I COUNT!" বলার একটি উপায়।




আপনার চারপাশের সব কিছুতেই আদমশুমারির তথ্য ব্যবহৃত হয়।




কারখানা, অফিস এবং দোকান
নির্মাণ করার সিদ্ধান্ত নেওয়ার
জন্য ব্যবসাসমূহ আদমশুমারির
তথ্য ব্যবহার করে, যার ফলে
কর্মসংস্থানের সৃষ্টি হয়।


জনসাধারণের নিরাপত্তা এবং
জরুরি প্রস্তুতির জন্য স্থানীয়
সরকারসমূহ আদমশুমারির
তথ্য ব্যবহার করে।



আইন, জীবনযাত্রার মান এবং ভোক্তা
সমর্থনের সাথে সম্পৃক্ত কমিউনিটি
উদ্যোগসমূহকে সহায়তা করার জন্য
বাসিন্দাসমূহ আদমশুমারির তথ্য
ব্যবহার করে।



নতুন আবাসন নির্মাণ এবং পুরনো
এলাকাসমূহকে পুনরুদ্ধার করতে
মিলেদ এন্ডেট ডেভেলপারগণ
আদমশুমারির তথ্য ব্যবহার করে।



আপনার গোপনীয়তা রক্ষা করা হয়।

আপনার বা আপনার পরিবারকে শনাক্ত
করতে পারে এমনভাবে আপনার তথ্য তথ্য
সর্বসমক্ষে আদমশুমারি ব্যুরো
দ্বারা প্রকাশ করা আইন বিরোধী।

আইন অনুসারে, অন্য কোনো সরকারি
সংস্থার সাথে আপনার তথ্য তথ্য
আদমশুমারি ব্যুরো বিনিময় করতে
পারবে না।



2020 এ এটি আগের থেকে আরো সহজ হয়েছে।

2020 সালে আপনি অনলাইনের
মাধ্যমে আদমশুমারিতে অংশগ্রহণ
করতে পারবেন।



আপনি সাহায্য করতে পারেন।

আপনি এতে অভিজ্ঞ—আপনার
কমিউনিটির প্রত্যেক ব্যক্তির গণনা করা
নিশ্চিত করার জন্য আপনার সবচেয়ে
ভালো ধারণাগুলো আমাদের প্রয়োজন।



United States®
আদমশুমারি
2020